

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.৪৫.১৭.

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৫
০২ অক্টোবর ২০১৮

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব রিনা বেগম (৫৩০৯), সহকারি অধ্যাপক (দর্শন), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: বেগম বদরুল্লেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা গত ১০/১১/২০১৪ তারিখ হতে ০৬/০৮/২০১৬ তারিখ পর্যন্ত ১ বছর ০৮ মাস ২৬ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন। গত ২৯.০৮.২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ৫/১১/২০১৪ তারিখের আদেশ অনুযায়ী তাকে বেগম বদরুল্লেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা হতে মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজে বদলী করা হয়। তিনি আদেশ অনুযায়ী বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য উক্ত তারিখে বেগম বদরুল্লেসা সরকারি মহিলা কলেজ থেকে দায়িত্বভার হস্তান্তর করে ১০/১১/২০১৪ তারিখে মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজে যোগদানপত্র দাখিল করেন। কিন্তু পদ না থাকায় তার যোগদানপত্র গ্রহণ করা হয়নি। এ বিষয়ে তিনি লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করেন। ভুল পদায়নের প্রেক্ষিতে ব্যক্তিগতভাবে কলেজের মেইল ঠিকানা ব্যবহার করে ১৬/১১/২০১৪ তারিখের মধ্যে এ বিভাগের ৯/১১/২০১৪ তারিখের আদেশ মোতাবেক আবেদন করার তার সুযোগ ছিল না। কারণ বদলী আদেশ পাওয়ার পর নতুন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে তিনি বেগম বদরুল্লেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা থেকে অবমুক্ত হন অথচ নতুন কর্মস্থল মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ কর্তৃক তার যোগদানপত্র গ্রহণ করা হয়নি বিধায় তার কোন কলেজ ছিল না। তিনি আরো জানান যে, বদলীকৃত পদে যোগদানপত্র দাখিল করা সত্ত্বেও শূন্য পদ না থাকার কারণে ১ বছর ৮ মাস ২৬ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে উক্ত সময়ের জন্য তিনি বাধ্যতামূলক অপেক্ষাকাল হিসেবে মঞ্জুরের জন্য আবেদন করেন। সার্বিক বিবেচনায় তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে বাধ্যতামূলক অপেক্ষাকাল মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, সরকার পক্ষ এবং অভিযুক্ত জনাব রিনা বেগম (৫৩০৯), সহকারি অধ্যাপক (দর্শন) এর ব্যক্তিগত শুনানী, শুনানীকালে প্রদত্ত মৌখিক জবানবন্দী, শারীরিক অসুস্থতার বিষয় ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনাপূর্বক তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে বি.এস.আর. পার্ট-১ এর ৫(১৭) নোট-২ অনুযায়ী ১০.১১.২০১৪ তারিখ হতে ০৬.০৮.২০১৬ তারিখ পর্যন্ত মোট ১ বছর ০৮ মাস ২৬ দিনকে বাধ্যতামূলক অপেক্ষাকাল হিসেবে মঞ্জুর করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ৩০.০৯.২০১৮
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.৪৫.১৭.

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৫
০২ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রিনা বেগম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, বেগম বদরুল্লেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
- ৫। উপপরিচালক, ফরম ও প্রকাশন অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৮। জনাব রিনা বেগম (৫৩০৯), সহকারি অধ্যাপক (দর্শন), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: বেগম বদরুল্লেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।


০২/১০/২০১৮
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬